

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ২০৪

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২. আযান (সালাতের জন্য আহ্বান) - আযানের পর নাবী (ﷺ) এর জন্য ওসীলা মর্যাদার দু'আ করা মুস্তাহাব

আরবী

وَعَنْ جَابِرٍ _ رَضِيَ اللَّهُ عَنْهُ _ أَنَّ رَسُولَ اللَّهِ _ صلى الله عليه وسلم _ قَالَ: «مَنْ قَالَ حِينَ يَسْمَعُ النِّدَاءَ: اللَّهُمَّ رَبَّ هَذِهِ الدَّعْوَةِ التَّامَّةِ, وَالصَّلَاةِ الْقَائِمَةِ, آتِ مُحَمَّدًا الْوَسِيلَةَ وَالْفَضِيلَة, وَابْعَتْهُ مَقَامًا مَحْمُودًا الَّذِي وَعَدْتَهُ, حَلَّتْ لَهُ شَفَاعَتِي يَوْمَ الْقِيَامَةِ». أَخْرَجَهُ الْأَرْبَعَةُ

صحيح. وهذا الحديث لا يوجد في «الأصل»، وإنما هو من «أ» مع الإشارة في الهامش إلى أنه من نسخة، فأنا أثبته هنا زائدا، وإن كانت النفس تطمئن إلى ما في «الأصل» أكثر، خاصة وفيه وَهْمٌ في التخريج. والله أعلم. رواه البخاري (614)، وأبو داود (529)، والنسائي (2/ 26 _ 27)، والترمذي (211)، وابن ماجه (722)

বাংলা

২০৪. জাবির (রাঃ) থেকে বর্ণিত। আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি আযান শুনে (নিম্ন বর্ণিত দু'আটি) বলবে- উচ্চারণ : আল্লাহুম্মা রাব্বা হাযিহিদ দাওয়াতিত তামমাতি ওয়াস সালাতিল কা'ইমাতি, আতি মুহাম্মাদানিল ওয়াসীলাতা ওয়াল ফাদীলাতা, ওয়াব-আসহু মাকামাম মাহমুদা নিল্লায়ী ওয়া আদতাহু। অর্থঃ হে আল্লাহ! পরিপূর্ণ আহবান এবং আসন্ন সালাতের তুমিই প্রভু। মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- কে দান কর সর্বোচ্চ সম্মানিত স্থান, সুমহান মর্যাদা এবং বেহেশতের সর্বোচ্চ সম্মানিত স্থান মাকামে মাহমুদ-এ তাঁকে অধিষ্ঠিত কর, যার প্রতিশ্রুতি তুমিই তাঁকে দিয়েছ। -তার জন্য আমার শাফায়াত ওয়াজিব হয়ে যাবে।[1]



ফুটনোট

[1] বুখারী ৬১৪; আবু দাউদ ৫২৯; নাসায়ী ২/২৬/২৭; তিরমিযী ২১১; ইবনু মাজাহ ৭২২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন